

# গুগল মেইল বা জি-মেইলের নতুন দুই ফিচার

মোহাম্মদ ইশতিয়াক জাহান

বর্তমানে ইন্টারনেট ব্যবহার করেন, কিন্তু ই-মেইল ব্যবহার করেন না এমন ব্যবহারকারী খুঁজে পাওয়া মুশকিল। কারণ আমাদের দেশে ও অন্যান্য দেশেও প্রথমদিকে ইন্টারনেটের জনপ্রিয়তা পাওয়ার পেছনে ই-মেইল ও চ্যাটিংয়ের অবদান বেশি ছিল। যারা নিয়মিত চিঠি দেয়া-নেয়া করতে পছন্দ করতেন এবং যাদের কাছে কমপিউটার ও ইন্টারনেট সংযোগ ছিল তারাই ই-মেইলকে সর্বপ্রথম সহজেই গ্রহণ করেন। ই-মেইল ও চ্যাট করে খুব সহজেই এক দেশ থেকে ওই দেশেই বা অন্য দেশের যেকোনো ইন্টারনেট ব্যবহারকারীর সাথে সহজেই যোগাযোগ করা সম্ভব হচ্ছে এবং ই-মেইলের সাহায্যে যেকোনো গুরুত্বপূর্ণ মেইল, ডকুমেন্ট সহজেই প্রাপকের ঠিকানায় পাঠানো যাচ্ছে। বর্তমানে আমাদের দেশে জি-মেইল, ইয়াহু, হটমেইল ব্যবহারকারীর সংখ্যাই বেশি। তবে অনেকেই বলতে পারেন ফেসবুক, সোশ্যাল সাইটের কারণেও ইন্টারনেটের ব্যবহারের জনপ্রিয়তা পেয়েছে, কিন্তু এর পেছনেও কিন্তু ই-মেইলের অবদান রয়েছে, কারণ সোশ্যাল সাইটের জন্য অ্যাকাউন্ট খুলতে হলে আপনার ই-মেইল অ্যাড্রেসের প্রয়োজন হয়। বর্তমানে স্কুল-কলেজ থেকে শুরু করে অফিস বা যেকোনো কাজের জন্য বা তথ্য বিনিময়ের জন্য ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করা হচ্ছে। আর ই-মেইল সেবাদান কোম্পানিগুলো নিয়মিত গ্রাহককে সর্বোচ্চ সুবিধা দেয়ার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়েও যাচ্ছে, যার জন্য গত দুই-তিন বছরে ই-মেইল সিস্টেমটি এতই আপগ্রেটেড হয়েছে যে একজন ব্যবহারকারী দুয়েক মাস পর তার ই-মেইল অ্যাড্রেসটি ব্যবহার করতে গেলে অবাক হয়ে যান ভালো ভালো সার্ভিস দেখে। ইয়াহু, জি-মেইল, হটমেইলসহ অন্যান্য ই-মেইল সার্ভিস প্রোভাইডারেরা এই রকম নতুন সব সার্ভিস দেয়ার জন্য উঠেপড়ে লেগে গেছেন। কমপিউটার জগৎ-এর পাঠকের জন্য জি-মেইলের দুটি নতুন ফিচার সম্পর্কে আলোচনা করা হয়েছে, যা পাঠকের কাজে আসবে।

সব গুগল সার্ভিস ব্যাকআপ নেয়া : আমরা বিভিন্ন ধরনের গুগল সার্ভিস ব্যবহার করে থাকি বা পছন্দ করে থাকি। যেমন : জি-মেইল, পিকাসা, অ্যাডসেন্স, গুগল প-াস (+) ইত্যাদি। কিন্তু গুগল অ্যাকাউন্ট বা জি-মেইল অ্যাকাউন্ট কেউ যদি হ্যাক করে বা কোনো কারণে ব-ক হয়ে যায় তাহলে কি হবে? উক্ত ই-মেইল অ্যাকাউন্ট দিয়ে গুগলের যেই সার্ভিসটি ব্যবহার করেন না কেনো সবই আপনার হাতছাড়া হয়ে যাবে। আপনার সব গোপনীয় তথ্য যেমন : ই-মেইল, কন্টাক্ট অ্যাড্রেস ইত্যাদি। আপনার এসব ভয়ের কারণ দূর করার জন্য গুগল তার সার্ভিসগুলো ব্যাকআপ নেয়ার ওপর একটি নতুন সার্ভিস চালু করেছে, যা ব্যবহার করে ফেসবুকের অ্যাকাউন্ট ব্যাকআপের মতো গুগলের সব সার্ভিস বা কাস্টম সার্ভিসগুলো ব্যাকআপ নিতে পারবেন। এই সার্ভিসটি ব্যবহার করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুন :

০১. আপনার জি-মেইল অ্যাকাউন্টে লগইন করুন।

০২. আপনার প্রোফাইল পিকচারে বা Account-এ ক্লিক করে Account Setting-এ ক্লিক করুন।


০৩. অ্যাকাউন্ট সেটিং থেকে Data Liberation-এ ক্লিক করুন।

০৪. এখন গুগলের সব সার্ভিস ডাউনলোড করতে চাইলে Download Your Data বাটনে ক্লিক করুন।

আপনি যদি সব সার্ভিস ডাউনলোড করতে না চান, তাহলে একেকভাবে আপনার পছন্দের সার্ভিসগুলো ব্যাকআপ নিতে পারবেন। এসব ব্যাকআপ নেয়া ডাটাগুলোকে অফলাইনে থাকা অবস্থায় ব্যবহার করতে পারবেন।

প্রিভিউ প্যান এনাবল করা : গুগল তার ই-মেইল ব্যবহারকারীদের জন্য প্রিভিউ সার্ভিস চালু করেছে। বর্তমানে যারা জি-মেইল অ্যাকাউন্ট ব্যবহার করে থাকেন, তারা মেইল চেক করার জন্য প্রথমে মেইলের লিঙ্কে ক্লিক করে মেইল পড়েন এবং পরবর্তী মেইল পড়ার জন্য ইনবক্সে ব্যাক করে অন্য মেইলে ক্লিক করেন তা পড়ার জন্য, যা খুবই বিরক্তিকর। কারণ এই কাজটিতে একটু সময় অপচয় হয়ে থাকে। কিন্তু আপনি যদি কোনো জরুরি মেইল খুঁজতে থাকেন তাহলে এই একটু সমস্যাকে অনেক বড় সমস্যা মনে হবে। কিন্তু গুগল ব্যবহারকারীদের সমস্যার কথা বিবেচনা করে গুগল প্রিভিউ প্যান চালু করেছে, যা এনাবল করে আপনি মেইলের ভেতর প্রবেশ না করেই মেইলের ভেতরের লেখা/মেসেজ দেখতে পাবেন। প্রিভিউ প্যানটি আপনার মেইলের উইন্ডোটিকে দুইভাগ করবে, যার একভাগে থাকবে মেইলের তালিকাগুলো এবং অন্যভাগে থাকবে মেইল প্রিভিউ দেখার বক্স। ফলে আপনি প্রথম ভাগের কোনো মেইলে ক্লিক করলে দ্বিতীয় ভাগে মেইলের কন্টেন্টটি দেখাবে, ফলে আপনাকে বারবার ব্যাক করে বা ইনবক্সে গিয়ে অন্য মেইলের লিঙ্কে ক্লিক করতে হবে না। এই সার্ভিসটি চালু করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুন :

০১. আপনার জি-মেইল অ্যাকাউন্টে প্রবেশ করুন। Gears আইকনে ক্লিক করে Labs-এ ক্লিক করুন। ০২. এখানে অনেকগুলো ফিচার দেখতে পাবেন, এখান থেকে Preview Pane খুঁজে বের করুন এবং এর ডান পাশের Enable বাটনে ক্লিক করে সবার নিচে থাকা সেভ বাটনে ক্লিক করুন।




এই কাজটি করার পর আপনার ডিফল্ট ই-মেইল অ্যাকাউন্টের ওপর প্রিভিউ প্যানেলটি এনাবল হবে। ই-মেইল অ্যাকাউন্টের ওপরের দিকে তিন ধরনের অপশন দেখতে পাবেন : No Split, Vertical Split, Horizontal Split। আপনার পছন্দের স্প্লি-ট অপশনটি সিলেক্ট করে প্রিভিউ প্যান সার্ভিসটি ব্যবহার শুরু করুন।

গুগল অনেকগুলো সার্ভিস নতুন চালু করেছে। এখানে দুটি সার্ভিসের ওপর আলোচনা করা হয়েছে। আগামী সংখ্যায় আরো কিছু সার্ভিস নিয়ে আলোচনা করা হবে। ওপরের আলোচনা করা সার্ভিস দুটি বুঝতে সমস্যা হলে http://www.serversolution4u.com হতে ধাপগুলো দেখে নিন অথবা আপনার সমস্যার কথা জানিয়ে ই-মেইল করুন।

ফিডব্যাক : romj446@yahoo.com